

🔳 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯: ৮২

💵 আরবি মূল আয়াত:

كَلَّا اللَّهِ سَيَكَفُرُونَ بِعِبَادَتِهِم وَ يَكُونُونَ عَلَيهِم ضِدًّا ﴿٨٢﴾

কখনো নয়, এরা তাদের ইবাদাতের কথা অস্বীকার করবে এবং তাদের বিপক্ষ হয়ে যাবে। — আল-বায়ান কক্ষনো না, তারা তাদের 'ইবাদাত অস্বীকার করবে আর তাদের বিরোধী হয়ে যাবে। — তাইসিরুল কখনই নয়; তারা তাদের ইবাদাত অস্বীকার করবে এবং তাদের বিরোধী হয়ে যাবে। — মুজিবুর রহমান No! Those "gods" will deny their worship of them and will be against them opponents [on the Day of Judgement]. — Sahih International

৮২. কখনই নয়, ওরা তো তাদের ইবাদত অস্বীকার করবে এবং তাদের বিরোধী হয়ে যাবে।(১)

(১) অর্থাৎ সহায় হওয়ার আশায় কাফেররা যাদের ইবাদত করত, তারা এই আশার বিপরীত তাদের শক্র হয়ে যাবে। তারা বলবে, আল্লাহ এদেরকে শান্তি দিন। কেননা, এরা আপনার পরিবর্তে আমাদেরকে উপাস্য করে নিয়েছিল। আমরা কখনো এদেরকে বলিনি আমাদের ইবাদাত করো এবং এরা যে আমাদের ইবাদাত করছে তাও তো আমরা জানতাম না। অন্য আয়াতেও আল্লাহ সেটা বলেছেন, "আর সে ব্যক্তির চেয়ে বেশী বিভ্রান্ত কে যে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা কিয়ামতের দিন পর্যন্ত তাকে সাড়া দেবে না এবং এগুলো তাদের আহবান সম্বন্ধেও গাফেল। আর যখন কিয়ামতের দিন মানুষকে একত্র করা হবে তখন সেগুলো হবে এদের শক্র এবং এরা তাদের ইবাদাত অস্বীকার করবে।" [সূরা আল-আহকাফ: ৫-৬]

তাফসীরে জাকারিয়া

(৮২) কখনই নয়, তারা তাদের উপাসনা অস্বীকার করবে এবং তাদের বিরোধী হয়ে যাবে।[1]

[1] عِنَ এর মমার্থ হল এই সব উপাস্য (দেবদেবী)রা তাদের ইয্যত-সম্মানের কারণ ও সহায় হবে। আর غن এর অর্থ হল শক্র, অস্বীকারকারী, প্রতিবাদী তথা ওদের বিরুদ্ধে অন্যদের সহায়ক হবে। অর্থাৎ এই সব দেবদেবী তাদের ধারণার বিপরীত তাদের পক্ষ অবলম্বন না করে তাদের শক্র, অস্বীকারকারী, প্রতিপক্ষ ও বিরোধী হিসাবে প্রকাশ পাবে।

তাফসীরে আহসানুল বায়ান



🖈 hadithbd.com — কুরআন — মারইয়াম। Maryam । مَرْيُم

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2332

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন